

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

Website: www.bb.org.bd

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

তারিখ : ২১ চৈত্র ১৪২৭  
০৪ এপ্রিল ২০২১

ডিএফআইএম সাকুলার লেটার নং-০৮

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**নভেল করোনাভাইরাস ডিজিজ (COVID-19) এর বিস্তার রোধকল্পে আর্থিক প্রতিষ্ঠানসমূহের করণীয় প্রসঙ্গে**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মন্ত্রিপরিষদ বিভাগের ০৪ এপ্রিল ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১ নং স্মারকে প্রদত্ত নির্দেশনার প্রেক্ষিতে করোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতি পর্যালোচনায় আগামী ০৫ এপ্রিল ২০২১ হতে ১১ এপ্রিল ২০২১ পর্যন্ত আর্থিক প্রতিষ্ঠানসমূহ সীমিত পরিসরে চালু রাখার বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

- ০৫ এপ্রিল ২০২১ হতে ১১ এপ্রিল ২০২১ পর্যন্ত সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত দৈনিক লেনদেন ও আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য আর্থিক প্রতিষ্ঠানসমূহের সংশ্লিষ্ট শাখা ও প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ সকাল ১০.০০ ঘটিকা হতে অপরাহ্ন ২.০০ ঘটিকা পর্যন্ত খোলা থাকবে।
- ০৫ এপ্রিল ২০২১ হতে ১১ এপ্রিল ২০২১ পর্যন্ত প্রধান কার্যালয় ও শাখাসমূহে জরুরি গ্রাহক সেবা প্রদান অব্যাহত/নির্বিঘ্ন রাখার লক্ষ্যে প্রয়োজনীয় জনবলের বিন্যাস ও উপস্থিতির বিষয়টি আর্থিক প্রতিষ্ঠানসমূহ স্বীয় বিবেচনায় সম্পন্ন করবে। এক্ষেত্রে কার্যালয়ের নিকটবর্তী স্থানে বসবাসরত কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতির বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা যেতে পারে।
- জনস্বার্থে গ্রাহক সেবা অব্যাহত রাখার পাশাপাশি কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতি ও অফিসের কর্মপরিবেশে স্বাস্থ্যবিধি অনুসরণ সংক্রান্ত সরকারি সকল নির্দেশনা যথাযথভাবে পরিপালনের বিষয়টি নিশ্চিত করতে হবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জুলকার নায়েন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৮